

অর্থ কমিটির ৬০তম সভা অনুষ্ঠিত

আজ ৯ নভেম্বর ২০১৭, বৃহস্পতিবার, দুপুর ১২টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত কোষাধ্যক্ষ মহোদয়ের অফিসে এ বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটির ৬০তম সভা অনুষ্ঠিত হয়। সভায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন সম্মানিত কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল। গুরুত্বপূর্ণ ওই সভায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, সম্মানিত উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এ এস এম জাকারিয়া স্বপন, সার্জারি অনুষদের সম্মানিত অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, অর্থ কমিটির সদস্য অধ্যাপক ডা. মোঃ শফিকুল ইসলাম, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পরিচালক (অর্থ ও হিসাব) মোঃ মিজানুর রহমান, অর্থোপেডিক সার্জারি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. নকুল কুমার দত্ত, কার্ডিওলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. সজল কৃষ্ণ ব্যানার্জী, ইউরোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ সাজিদ হাসান, গ্যাস্ট্রোএন্টারোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. প্রজেশ কুমার রায়, ট্রান্সফিউশন মেডিসিন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ আসাদুল ইসলাম, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অধ্যাপক ডা. আবু নাসার রিজভী, পরিচালক (অর্থ ও হিসাব) জনাব মোঃ আবদুস সোবহান, অতিরিক্ত পরিচালক (অর্থ, হিসাব ও অডিট) জনাব কাজী মোঃ শফিকুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

